

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(পত্র বিনিময় শাখা)  
[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)

বিজ্ঞপ্তি নং- ২৩৬

-জি,

তারিখঃ- ১৭/০৫/২০১৭ খ্রিঃ।

**বিজ্ঞপ্তি**

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে ব্যক্তিগত কর্মকর্তা পদে সরাসরি নিয়োগের মাধ্যমে মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিত নিম্নলিখিত ছকে বর্ণিত দুইজন প্রার্থীর সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা সনদের সঠিকতা সম্পর্কিত প্রত্যয়নপত্র পাওয়ায় তাঁদেরকে প্রচলিত ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১৬০০০-৩৮৬৪০/- টাকার বেতন স্কেলে ২য় শ্রেণির গोजেটেড কর্মকর্তা হিসেবে কর্মে যোগদানের তারিখ হতে ০২(দুই) বৎসরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ প্রদান করা হলো :

ক্রমিক নং	নিয়োগপ্রাপ্ত ব্যক্তির নাম ও পিতার নাম	নিয়োগকৃত পদের নাম
১।	জনাব রাকিব হাসান পিতা- মোঃ শাহজাহান মিয়া	ব্যক্তিগত কর্মকর্তা
২।	জাহিদ কবির রয়েল পিতা-বি,এ রাজ্জাক	ব্যক্তিগত কর্মকর্তা

নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদ্বয়কে আগামী ৩১/০৫/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে কাজে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

**শর্তাবলীঃ-**

- ১। চাকুরীতে যোগদানের সময় তাঁদের বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল প্রয়োজনীয় মূল/প্রভিশনাল সার্টিফিকেট দাখিল করতে হবে।
- ২। নির্দিষ্ট তারিখের মধ্যে কাজে যোগদান না করলে তাঁদের নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৩। এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রদান করা হলো। তাঁদেরকে বিনা নোটিশে বা কোন প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন সময় চাকুরীচ্যুত করা যাবে।
- ৪। তাঁদের শিক্ষানবিশকালীন কর্ম সন্তোষজনক হলে তাঁদেরকে চাকুরীতে স্থায়ী করার বিষয়ে যথাসময় বিবেচনা করা হবে।
- ৫। প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় ১৯৬৬ সালের অস্থায়ী চাকুরী বিধি অনুযায়ী একটি প্রতিশ্রুতি (আন্ডার টেকিং) ফরম ও অত্র কোর্ট কর্তৃক নির্ধারিত ফরমে আন্ডার টেকিং পূরণ করতে হবে এবং নিজ খরচে টাকার নির্ধারিত সিভিল সার্জন/মেডিকেল বোর্ড এর নিকট হতে শারীরিক যোগ্যতার সনদপত্র সংগ্রহপূর্বক দাখিল করতে হবে।
- ৬। কাজে যোগাদানের পর যথানিয়মে প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন গ্রহণ করা হবে যা অবশ্যই সন্তোষজনক হতে হবে।
- ৭। মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত সাময়িকভাবে প্রত্যায়িত মুক্তিযোদ্ধার সনদটি চূড়ান্ত সঠিকতা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে গৃহীত সমুদয় সুবিধাদি প্রত্যর্পণ করতে বাধ্য থাকবেন এবং যোগদানের সময় এ মর্মে একটি অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে।
- ৮। কাজে যোগদানের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

আদেশক্রমে,

স্বা/-

(মোঃ আজিজুল হক )

ডেপুটি রেজিস্ট্রার(প্রশাসন ও বিচার)

ফোনঃ ৯৫৬৬৮২৬

E-mail: aziz\_dr@supremecourt.gov.bd

স্মারক নং-


৪০২২(৪)

- জি,

তারিখঃ- ১৭/০৫/২০১৭ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :-

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। ইহা বাংলাদেশ গেজেটে প্রকাশ করতঃ উহার ১০ কপি অত্র কোর্টের পত্র বিনিময় শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৮, ৫ম তলা, সি,জি,এ, ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, আই,টি শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (ওয়েবসাইটে প্রচারের জন্য)।
- ৬। হিসাব রক্ষণ কর্মকর্তা-১, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৭। সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৮। জনাব রাকিব হাসান, পিতা- মোঃ শাহজাহান মিয়া, গ্রাম- বেড়াকুচনা, ডাকঘর- টাঙ্গাইল, উপজেলা- টাঙ্গাইল, জেলা- টাঙ্গাইল।
- ৯। জনাব জাহিদ কবির রয়েল, পিতা- বি,এ, রাজ্জাক, গ্রাম- উঃ খোশাল শিকদারকান্দি, ডাকঘর-জাজিরা, উপজেলা- জাজিরা, জেলা- শরিয়তপুর।

  
১৭/৫/১৭

(সোহাগ রঞ্জন পাল)

সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৫৮৮৪২৯

E-mail: [sohag\\_ar@supremecourt.gov.bd](mailto:sohag_ar@supremecourt.gov.bd)